



26977 - আদ-দাহর আল্লাহর নাম নয়

---

প্রশ্ন

আমি একটি হাদিসে পড়ছি যে, আল্লাহ তাআলা বলেন: “আমি দাহর (সময়)। এর মানে কি আল্লাহর সুন্দর নামসমূহের মধ্যে একটি হচ্ছে- আদ-দাহর?”

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

প্রশ্নকারী যে হাদিসটির দিকে ইঙ্গিত করছেন সেটি ইমাম বুখারী (৪৮২৬) ও ইমাম মুসলিম (২২৪৬) আবু হুরাইরা (রাঃ) থেকে বর্ণনা করছেন। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “আল্লাহ আয্যা ওয়া জাল্ল বলেন: বনী আদম সময়কে গালি দিয়ে আমাকে কষ্ট দেয়। অথচ আমি সময়। নির্দশেনা আমারই হাত। আমি রাতদিনকে ওলটপালট করি।”

এ হাদিসটি এই প্রমাণ করে না যে, আদ-দাহর (সময়) আল্লাহর একটি নাম। বরঞ্চ হাদিসটির মর্ম হচ্ছে: আল্লাহ তাআলা সময়কে ওলটপালট করেন ও পরিবর্তন করেন।

খাত্তাবী বলেন:

হাদিসটির মর্ম হলো: আমি সময়ে মালিকি এবং সময়ে দিকি যে বিষয়গুলোকে সমন্বিত করা হয় সেগুলোর নিয়ন্ত্রণকারী। সুতরাং যে ব্যক্তি এই কারণে সময়কে গালি দিয়ে যে, সময় এই বিষয়গুলোর অধিকর্তা; তার সে গালিটি সময়ে প্রভুর দিকি ফরি আসে। যহেতু তিনিই ঐ বিষয়গুলোর অধিকর্তা।[সমাপ্ত]

ইমাম নববী বলেন:

“নিশ্চয় আল্লাহই হচ্ছে- সময়” এর মানে: তিনি সব ঘটনা ও দুর্ঘটনার অধিকর্তা এবং সকল সৃষ্টির স্রষ্টা। আল্লাহই সর্বজ্ঞ।”

শাইখ উছাইমীন (রহঃ) বলেন:

“আদ-দাহর আল্লাহ সুবহানাহু তাআলার নাম নয়। যে ব্যক্তি এই দাবী করছেন তিনি দুটো কারণে ভুল করছেন:



প্রথম কারণ: আল্লাহর সকল নাম হুসনা; অর্থাৎ পরপূর্ণ মাত্রায় সুন্দর। সুতরাং তাঁর নামগুলো এমন গুণ ও অর্থ ধারণ করা অনবির্ঘ্য যা গুণসমূহ ও অর্থসমূহের মধ্যে এই শব্দটির সুন্দরতম অর্থ নির্দেশে করে। এ কারণে আপনি আল্লাহর নামসমূহের মধ্যে কোন ইসমে জামদে (অর্থ নির্দেশে করে না) পাবেন না। আদ-দাহর শব্দটি ইসমে জামদে; যা সময়সমূহের নাম ছাড়া বিশেষ কোন অর্থ নির্দেশে করে না।

দ্বিতীয় কারণ: হাদিসটির প্রাসঙ্গিকতা এটা আল্লাহর নাম হওয়াকে অস্বীকার করে। কেননা তিনি বলছেন: “আমহি রাতদনিকে ওলটপালট করি” রাতদনিই হচ্ছে দাহর। তাহলে কভিবে রাতদনি ‘ওলটপালটকৃত জনিসি’ ‘ওলটপালটকারী’ হবে?![সমাপ্ত]

ফাতাওয়াস শাইখ ইবনে উছাইমীন (১/১৬৩)]